



কর্মসংস্থান ব্যাংক

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ

কব্যপ্রমাসবি পরিপত্র নম্বর: ০৯ /২০১৭

তারিখ: ১১ এপ্রিল, ২০১৭

বিষয়: কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা - কর্মচারি) শ্রান্তি - বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা।

কর্মকর্তা-কর্মচারিগণের কর্মস্পৃহা অক্ষুন্ন রাখা, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদারকরণ, কাজে প্রণোদনা প্রদান, একঘেষেমী দূরীকরণ, নির্দিষ্ট ডেস্কে কাজের অপরিহার্যতা রোধ এবং বিকল্প জনশক্তি তৈরীর লক্ষ্যে শ্রান্তি - বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা প্রণয়নের আবশ্যিকতা দেখা দেয়ায় বিষয়টি ২৭.০২.২০১৭ তারিখে কর্মসংস্থান ব্যাংক পরিচালনা বোর্ডের ২৪২ তম সভায় উপস্থাপন করা হলে বোর্ড নিম্নোক্তভাবে কর্মকর্তা-কর্মচারিগণের শ্রান্তি-বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি সংক্রান্ত নীতিমালা-২০১৭ অনুমোদন প্রদান করেন :

- ০১। নীতিমালার নাম- কর্মসংস্থান ব্যাংক (কর্মকর্তা-কর্মচারি) শ্রান্তি -বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরি নীতিমালা- ২০১৭ ;
- ০২। (ক) যে সকল কর্মকর্তা-কর্মচারির নিয়মিত চাকুরীকাল ১৫(পনের) বছর পূর্ণ হয়েছে এবং কমপক্ষে ৩০ (ত্রিশ) দিন পূর্ণবেতনে অর্জিত ছুটি পাওনা রয়েছে সে সকল কর্মকর্তা-কর্মচারি জ্যেষ্ঠতার ভিত্তিতে পর্যায়ক্রমে ১৫(পনের) দিনের শ্রান্তি-বিনোদন ছুটি এবং ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ প্রাপ্য হবেন এবং ছুটির বেতনও পাইবেন ;
(খ) কোন কর্মকর্তা-কর্মচারি যে মাসে ছুটিতে যাবেন সেই মাসে যে মূল বেতন পাবেন উহাই তার শ্রান্তি-বিনোদন ছুটির বিধি সম্মত এক মাসের বেতন হিসেবে গণ্য হবে। এ ভাতা একবার উত্তোলন করা হলে পরবর্তীকালে নতুন বেতন নির্ধারণজনিত (Pay fixation) কারণে কোনো বকেয়া প্রাপ্য হবেন না ;
(গ) শ্রান্তি- বিনোদন ছুটি সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীর পূর্ণবেতনে অর্জিত ছুটির হিসাব হতে বিয়োজন করা হবে ;
(ঘ) ছুটির আবেদন যে তারিখেই মঞ্জুর করা হোক না কেন আবেদনের তারিখ হতে ০৫ (পাঁচ) বৎসর পর শ্রান্তি-বিনোদন ছুটি ও ভাতা প্রাপ্তির আবেদনের পূণ: যোগ্যতা অর্জিত হবে এবং পুরো কর্মকালীন সময়ে ০২(দুই) বার এ সুবিধা প্রাপ্য হবেন ;
(ঙ) বিভাগীয় মোকদ্দমা অনিস্পন্ন থাকলে সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারি এ ধরনের ছুটির জন্য আবেদন করতে পারবেন না। তবে, বিভাগীয় মোকদ্দমা থেকে অবমুক্ত হলে যথারীতি এ ছুটি ও ভাতা প্রাপ্তির যোগ্য হবেন ;
(চ) চুক্তিভিত্তিক/অস্থায়ী/খন্ডকালীন/দৈনিক মজুরীভিত্তিতে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারি এ ছুটি ও ভাতা প্রাপ্য হবেন না ;
(ছ) কর্মকর্তা-কর্মচারীগণ শ্রান্তি-বিনোদন ছুটি ও ভাতার জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষ বরাবর যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করবেন ;
(জ) প্রতি বছর ০১ লা জুলাই হতে ৩১ জুলাই এর মধ্যে প্রধান কার্যালয়ের কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানব সম্পদ বিভাগে এতদ্বিষয়ে আবেদন প্রেরণ নিশ্চিত করতে হবে। তবে, চলতি অর্থ বৎসরের জন্য ৩১ মে/২০১৭ এর মধ্যে আবেদন প্রেরণ করা যাবে।
- ০৩। (ক) বিভাগীয় কার্যালয় স্ব-স্ব কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারী ও আওতাধীন শাখা/আঞ্চলিক কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আবেদন সংগ্রহপূর্বক নির্বাহীগণের আবেদন এবং যোগদানের জ্যেষ্ঠতার ভিত্তিতে বিভাগের মোট জনবলের ০৫ (পাঁচ) শতাংশের ছুটির আবেদন প্রধান কার্যালয়ে প্রেরণ করবেন ;
(খ) কোনো বিভাগ/কার্যালয়/শাখায় কর্মরত একাধিক কর্মকর্তা-কর্মচারি একত্রে কমিটির সুপারিশ মোতাবেক ছুটির প্রাপ্যতা/মঞ্জুরী অর্জন করলে গ্রেডভিত্তিক জ্যেষ্ঠতার ভিত্তিতে এবং পর্যায়ক্রমে সংশ্লিষ্ট কার্যালয়/বিভাগীয় প্রধান ছুটি মঞ্জুরীপ্রাপ্ত কর্মকর্তাগণের ছুটিতে গমনের তারিখ নির্ধারণ করবেন ;
(গ) বিনোদন ভাতা প্রদানের মূল শর্ত হল যুগপৎভাবে শ্রান্তি-বিনোদন ছুটি মঞ্জুরি এবং ভোগ। উক্ত ছুটি মঞ্জুরি এবং ভোগছাড়া বিনোদন ভাতা প্রদানের অবকাশ নাই ;
(ঘ) ছুটি ভোগকারী কর্মকর্তা-কর্মচারী নিতান্ত ব্যক্তিগত প্রয়োজন ছাড়া কোন ক্রমেই অফিস/কর্মস্থলে উপস্থিত হতে/ অফিসের কাজে অংশগ্রহণ করতে পারবেন না।
- ০৪। (ক) অর্ধ-বার্ষিক ও বার্ষিক হিসাব সমাপনীর কারণে ১৬ ডিসেম্বর হতে ১৫ জানুয়ারি এবং ১৬ জুন হতে ১৫ জুলাই পর্যন্ত এ ছুটি মঞ্জুর করা যাবেনা ;
(খ) দাপ্তরিক কর্মকান্ড সুষ্ঠুভাবে সম্পাদনে এবং গ্রাহক সেবায় যেন ব্যাঘাত সৃষ্টি না হয় সে দিকে দৃষ্টি রেখে কর্মী ব্যবস্থাপনা, প্রশিক্ষণ ও মানবসম্পদ বিভাগ প্রতি বছর ব্যাংকের মোট জনবলের সর্বোচ্চ ৩.৫০% শতাংশ আবেদনকারীর অনুকূলে ছুটি মঞ্জুর করতে পারবে ;

